
To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App


26 September 2023

## International & National News

<table>
<tr>
<td>গ্লোবাল রেটিং এজেন্সি মুডি'স ভারতের আধার নিয়ে তাদের উদ্বেগ প্রকাশ করেছে<br><br>Aadhaar<ul><li>আধার হল একটি 12-সংখ্যার বিশেষ শনাক্তকরণ নম্বর যা ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া (UIDAI) দ্বারা জারি করা হয়।</li><li>এটি পরিচয়ের প্রমাণ হিসাবে ব্যবহার করা হয় যার সঙ্গে ব্যক্তির বায়োমেট্রিক এবং জনসংখ্যা সংক্রান্ত তথ্যে যুক্ত থাকে।</li><li>এটি এখন বেশ কয়েকটি সরকারি পরিষেবা গ্রহনের ক্ষেত্রে বাধ্যতামূলক</li></ul></td>
<td>খবরে রয়েছে:<ul><li>গ্লোবাল রেটিং এজেন্সি মুডি'স ইনভেস্টরস সার্ভিস ভারতের আধার প্রোগ্রামের মতো কেন্দ্রীয় শনাক্তকরণ সিস্টেমের নিরাপত্তা এবং গোপনীয়তার দুর্বলতা প্রসঙ্গে তাদের উদ্বেগ প্রকাশ করেছে।</li></ul><br>গুরুত্বপূর্ণ পয়েন্ট<ul><li>তাদের মতানুযায়ী ইউনিক আইডি সিস্টেম প্রায়শই আর্দ্র পরিবেশে "পরিষেবা প্রদানের ক্ষেত্রে বাধা সৃষ্টি করে" এবং সেই সময়ে বায়োমেট্রিকও অবিশ্বস্ত হয়ে পড়ে।</li><li>এটি অনুমোদনের ক্ষেত্রেও বাধার সম্মুখীন হয়।</li><li>শ্রমিকদের আধার-ভিত্তিক অর্থপ্রদানের ক্ষেত্রে সমস্যার কারণ হতে পারে।</li></ul><br>তুমি কি জানো?<br>এটি বিশ্বের বৃহত্তম ডিজিটাল প্রোগ্রাম যা ভর্তুকি স্থানান্তরের ক্ষেত্রে জালিয়াতি এড়াতে সাহায্য করেছে।</td>
</tr>
<tr>
<td>NEP সংক্রান্ত সংসদীয় প্যানেল</td>
<td>প্রসঙ্গ<ul><li>সংসদীয় মন্ত্রী বিবেক ঠাকুরের নেতৃত্বে শিক্ষা বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি সংসদে একটি প্রতিবেদন পেশ করেছে।</li></ul><br>প্যানেলের মূল পরামর্শ<ul><li>প্যানেল পরামর্শ দেয় যে 2030 সালের মধ্যে, দেশের প্রতিটি জেলায় কমপক্ষে একটি মাল্টিডিসিপ্লিনারী হাইয়ার এডুকেশন ইনস্টিটিউট (HEI) স্থাপনা করতে হবে।</li><li>বৃত্তিমূলক শিক্ষা সহ উচ্চ শিক্ষায় মোট তালিকাভুক্তির অনুপাতকে 2018 সালের 26.3% থেকে 2035 সালের মধ্যে 50% উন্নীত করতে হবে।</li><li>সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত শ্রেণীর জন্য (SEDGs) শিক্ষা ক্ষেত্রে উপযুক্ত তহবিল বরাদ্দ করতে হবে।</li><li>হাইয়ার এডুকেশন ফিন্যান্সিয়াল এজেন্সির (HEFA) এর কার্যকারিতা এবং প্রভাব উন্নত করার জন্য HEI-কে পর্যাপ্ত অর্থ বরাদ্দ করতে হবে.</li></ul></td>
</tr>
</table>

| | |
|---|---|
| | • প্যানেল আরও পরামর্শ দেয় যে একাধিক এন্ট্রি ও একাধিক এক্সিট ভারতের জন্য উপযুক্ত নাও হতে পারে।<br>তুমি কি জানো**?**<br>• জম্মু এবং কাশ্মীর হল প্রথম রাজ্য যারা 2022 সাল থেকে সমস্ত উচ্চ শিক্ষা বিভাগে জাতীয় শিক্ষা নীতির প্রয়োগ করে। |
| জাতীয় শিক্ষা নীতি **(NEP) 2020** | মুখ্য বৈশিষ্ট্য<br>• এটি জাতীয় শিক্ষা নীতি **(NPE) 1986** কে প্রতিস্থাপিত করবে।<br>• জাতীয় শিক্ষা নীতি 2020 কারিগরি শিক্ষা সহ স্কুল ও উচ্চ শিক্ষায় বিভিন্ন সংস্কারের প্রস্তাব করেছে।<br>• এই নীতিটি সাস্টেনেবল ডেভেলপমেন্টের ক্ষেত্রে **2030** এজেন্ডার সাথে সামঞ্জস্যপূর্ণ।<br>• এটির লক্ষ্য ভারতকে একটি প্রাণবন্ত জ্ঞানভাণ্ডারে সমৃদ্ধ সমাজ এবং বৈশ্বিক জ্ঞানসম্পন্ন সুপার পাওয়ারে রূপান্তরিত করা। |
| জিনোম সিকোয়েন্সিং<br><br> | জিনোম সিকোয়েন্সিং সম্পর্কিত তথ্য<br>• জিনোম সিকোয়েন্সিং একটি জিনোমে ডিএনএ নিউক্লিওটাইড বা বেসগুলির ক্রমকে নির্ধারণ করে।<br>• এটিতে অ্যাডেনাইন**,** সাইটোসিন**,** গুয়ানিনস এবং থাইমিনের ক্রম রয়েছে যা প্রধানত একটি জীবের ডিএনএ গঠন করে থাকে।<br>• এটি এমন একটি প্রক্রিয়া যেখানে একজন ব্যক্তির মধ্যে বেস জোড়ার সঠিক ক্রম নির্ণয় করা যায়। এই **"**ডেসিফারিং**"** বা জিনোমের রিডিং হল সিকোয়েন্সিং।<br><br>সুবিধা<br>• রোগের প্রাথমিক নির্ণয় এবং লক্ষ্য স্থির রেখে চিকিত্সা।<br>• রোগ হওয়ার ক্ষেত্রে জেনেটিক ঝুঁকির আগেই সনাক্ত করা যেতে পারে যা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত রোগের প্রধান কারণ।<br>• এটি জীবনযাত্রার নির্দিষ্ট কিছু পরিবর্তনকে নির্দেশ করতে পারে এবং নির্দিষ্ট রোগের উপস্থিতিকে প্রতিরোধ করতে পারে। |
| গ্যালাকটিক টাইড | টাইড সম্পর্কিত তথ্য<br>• মহাবিশ্বের ছায়াপথ দ্বারা অনুভূত টাইডগুলিকে গ্যালাকটিক টাইড বলা হয়।<br>• ছায়াপথের মধ্যে ঘটা মহাকর্ষীয় শক্তির কারণে গ্যালাকটিক টাইড হয়ে থাকে।<br>• তারা এবং গ্যাস ক্লাউডের মতো মহাজাগতিক বস্তুর মধ্যে মিথস্ক্রিয়ার কারণে এই টাইড উদ্ভূত হয়। |

| | |
|---|---|
|  | • এটি একটি ছায়াপথকে নতুন আকার প্রদান করতে পারে এবং টাইডাল টেইল এবং ব্রিজ গঠন করে অপেক্ষাকৃত ছোট নক্ষত্রকে সিস্টেমকে ব্যাহত করে নতুন নক্ষত্র গঠন করতে পারে।<br><br>তুমি কি জানো?<br>• অ্যান্ড্রোমিডা ছায়াপথ **110** কিমি/সেকেন্ড বেগে মিল্কিওয়ের দিকে ধাবিত হচ্ছে এবং চার বিলিয়ন বছরে এদের মধ্যে সংঘর্ষ ঘটবে। |
| নাসার প্রথম গ্রহাণুর নমুনা পৃথিবীতে অবতরণ করেছে। | প্রসঙ্গ<br>নাসার বেন্নুর প্রথম গ্রহাণুর নমুনাগুলি গভীর মহাকাশ থেকে প্যারাসুট করে উটাহ মরুভূমিতে অবতরণ করে।<br><br>**OSIRIS-**রেক্স মিশন**:**<br>• দ্যা অরিজিন স্পেকট্রাল ইন্টারপ্রিটেশন রিসোর্স আইডেন্টিফিকেশন সিকিউরিটি - রেগোলিথ এক্সপ্লোরার 2016 সালে NASA দ্বারা বেন্নুর উদ্দেশ্যে লঞ্চ করা হয়েছিল।<br>• মহাকাশযানটি বেন্নু নামক পৃথিবীর একটি নিকটবর্তী গ্রহাণুতে ঘুড়ে বেড়ায় এবং গবেষণার জন্য পৃথিবীতে একটি নমুনা সংগ্রহ করে ানে।<br>• এই মিশনটি বিজ্ঞানীদের নিরীক্ষণ করতে সাহায্য করবে যে কীভাবে গ্রহগুলি সৃষ্টি হয়েছিল এবং কীভাবে জীবনের সূচনা ঘটেছিল, সেইসঙ্গে পৃথিবীকে প্রভাবিত করতে পারে এমন গ্রহাণু সম্পর্কে আমাদের ধারণাকেও এটি উন্নীত করবে।<br><br>তুমি কি জানো?<br>• এখনও পর্যন্ত শুধুমাত্র জাপান এবং মার্কিন যুক্তরাষ্ট্র গ্রহাণুর নমুনা আনতে সক্ষম হয়েছে। |
| প্যাসিফিক আইল্যান্ড ফোরাম | ফোরাম সম্পর্কিত তথ্য**:**<br>• এটি একটি আন্তঃসরকারি এবং প্রধান রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা।<br>• এটির উদ্দেশ্য হল দেশ এবং মহাসাগরীয় অঞ্চলগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধি।<br>• এটি **1971** সালে প্রতিষ্ঠিত হয়।<br>• এটি 18 জন সদস্য এবং 21 জন ডায়লগ পার্টনার নিয়ে গঠিত। |
| নন-ফাঞ্জিবল টোকেন **(NFTs)** | • NFTs হল অনন্য ক্রিপ্টোগ্রাফিক টোকেন যা ব্লকচেইনে রয়েছে |

| | |
|---|---|
|  | এবং যার প্রতিলিপি বানানো যায় না।<br>● এগুলি আর্টওয়ার্ক, ফটোগ্রাফ, গান, ভিডিও, রিয়েল এস্টেট, ব্যক্তির পরিচয়, সম্পত্তির অধিকার এবং আরও অনেক কিছুর মতো ডিজিটাল বা বাস্তব-বিশ্বের বিষয় দিয়ে রিপ্রেসেন্ট করা হয়।<br>● সুতরাং NFTs হল সম্পদ যা ব্লকচেইনের মাধ্যমে টোকেনাইজ করা হয়েছে।<br>● তাদের অনন্য শনাক্তকরণ কোড এবং মেটাডেটা বরাদ্দ করা হয় যা তাদের অন্যান্য টোকেন থেকে পৃথক করে তোলে।<br>● NFTs অর্থ, ক্রিপ্টোকারেন্সি বা অন্যান্য NFTs র সঙ্গে লেনদেন এবং বিনিময় করা যেতে পারে। |
| হাউস প্যানেল সরকারকে **ESIC**-এর কার্যকলাপ পর্যবেক্ষণ করতে বলেছে | প্রসঙ্গ<br>শ্রম সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি (PSC), কেন্দ্রীয় সরকারকে এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্স কর্পোরেশনের (ESIC) কার্যকলাপ কঠোরভাবে পর্যবেক্ষণ করতে বলেছে, যাতে সামাজিক নিরাপত্তার সুবিধা আরও বেশি সংখ্যক কর্মীদের কাছে পৌঁছায়।<br><br>**ESIC:**<br>● এটি **1948** সালের  এমপ্লয়িজ স্টেট ইন্স্যুরেন্স আইনের অধীনে স্থাপিত হয়েছে।<br>● এটি **ESI** এর পরিকল্পনা তত্ত্বাবধানের জন্য দায়বদ্ধ।<br>● এটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীনে কাজ করে।<br>● এর লক্ষ্য হল শ্রমিক শ্রেণী যারা  **ESI** স্কিমের আওতায় রয়েছেন তাদের পরিবারকে আর্থ-সামাজিক সুরক্ষা প্রদান করা। |

***Copyright © by Adda247***

*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.*